59


দৈনিক জনকণ্ঠ

তারিখ 10 AUG 1995
পৃষ্ঠা ১ কলাম ২


# মেধা তালিকায় এবার ৪৩১ জন !

**স্টাফ রিপোর্টার ॥** এবার এসএসসি পরীক্ষায় চারটি বোর্ডের মেধা তালিকায় সর্বোচ্চ সংখ্যক ছাত্রছাত্রী স্থান পেয়েছে। চারটি বোর্ডের বিজ্ঞান ও সমাজবিজ্ঞান গ্রুপের মেধা তালিকায় এবার মোট ছাত্রছাত্রীর সংখ্যা হচ্ছে ৪৩১। ঢাকা বোর্ডের বিজ্ঞানের মেধা তালিকাতেই সবচেয়ে বেশি ছাত্রছাত্রী স্থান পেয়েছে। মেধা তালিকার প্রথম ২০টি স্থান ভাগাভাগি হয়েছে ১২৯ জনের মধ্যে। রাজশাহী বোর্ডেও বিজ্ঞানের মেধা তালিকায় স্থান পেয়েছে ৭২ জন ছাত্রছাত্রী। কুমিল্লা ও যশোরে বিজ্ঞানের মেধা তালিকায় ছাত্রছাত্রীর সংখ্যা হচ্ছে যথাক্রমে ৪৭ ও ৩৭। সমাজবিজ্ঞানের মেধা তালিকায় প্রতিযোগিতা বিজ্ঞানের তুলনায় কিছুটা কম। ঢাকা, কুমিল্লা, যশোর ও রাজশাহী বিভাগের মেধা তালিকায় ছাত্রছাত্রীর সংখ্যা যথাক্রমে ৩৫, ৪৪, ৩৭ এবং ৩০।